The Red July - Rangamati

বনরুপা, রাঙ্গামাটি, রাঙ্গামাটি - ৪৫০০

Email: theredjulyofficial@gmail.com

বরাবর

অধ্যক্ষ,

রাঙ্গামাটি সরকারী মহিলা কলেজ।

বিষয়: জুলাই গণঅভ্যুত্থানের স্মরণে "জুলাই স্মৃতিকথা" বিষয়ক লেখা জমা দেওয়ার প্রসঙ্গে।

মহোদয়/মহোদয়া,

সবিনয় নিবেদন এই যে, আমরা **"জুলাই স্মৃতিকথা"** বিষয়ক আগামী ২৩/০৭/২০২৫ইং থেকে ২৪/০৭/২০২৫ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে লেখা আহবান করা যাচ্ছে। এই প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভার বিকাশ এবং জুলাই গণঅভ্যুত্থানের চেতনাকে ধারণ করাই আমাদের মূল লক্ষ্য।

আমরা আপনার মাধ্যমে আপনার শিক্ষা প্রতিষ্ঠানের একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাচ্ছি।

আমরা আশা করি, আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে আমাদের এই আয়োজনকে সাফল্যমণ্ডিত করবে।

বি: দ্রঃ অবশ্যই নিজ চোখে দেখা জুলাইকে উপস্থাপন করতে হবে।

লেখা জমা দেওয়ার নিয়মাবলী :

* ২৩/০৭/২০২৫ইং দুপুর ১২.০০ ঘটিকা থেকে আগামী ২৪/০৭/২০২৫ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে কলেজের অফিস কার্যালয়ে জমা দিতে হবে। (সর্বনিম্ন ৩০০ এবং সর্বোচ্চ ৫০০ শব্দের মধ্যে লেখা সম্পন্ন করতে হবে)

***যারা অংশগ্রহণ করতে পারবে:** একাদশ-দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রী।

ফলাফলা ঘোষণা ও পুরস্কার বিতরণ:

আগামী ৩০/০৭/২০২৫ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকা।

বি. দ্রঃ পুরস্কার বিতরণের স্থান ২৬/০৭/২০২৫ইং তারিখ কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে জানা যাবে।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ : মোঃ তানেইম ইবনে আলম, আহবায়ক, মোবাইল: ০১৬০১৬০২২৫১

ধন্যবাদান্তে-

(মোঃ তানেইম ইবনে আলম)
আহবায়ক, দ্যা রেড জুলাই
রাঙ্গামাটি জেলা।

The Red July - Rangamati
বনরুপা, রাঙ্গামাটি, রাঙ্গামাটি - ৪৫০০
Email: theredjulyofficial@gmail.com

বরাবর
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ

বিষয়: জুলাই গণঅভ্যুত্থানের স্মরণে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

মহোদয়/মহোদয়া,
সবিনয় নিবেদন এই যে, আমরা আগামী ২৬/০৭/২০২৫ইং কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ/শিশু একাডেমিতে একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছি। এই প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভার বিকাশ এবং জুলাই গণঅভ্যুত্থানের চেতনাকে ধারণ করাই আমাদের মূল লক্ষ্য।
আমরা আপনাকে এবং আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাচ্ছি। প্রতিযোগিতার বিষয়বস্তু হলো: **"২৪ এর জুলাই গণঅভ্যুত্থান"**।
আমরা আশা করি, আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে আমাদের এই আয়োজনকে সাফল্যমন্ডিত করবে।

প্রতিযোগিতার নিয়মাবলী ও বিস্তারিত তথ্য নিচে উল্লেখ করা হলো:
সময়: বিকাল ৩.০০ ঘটিকা থেকে ৪.০০ ঘটিকা পর্যন্ত
স্থান: কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ/শিশু একাডেমি
যোগ্যতা: ক-বিভাগ (৯ম-১০ম) শ্রেণি, খ-বিভাগ-(একাদশ-দ্বাদশ)

বি: দ্র: উভয় বিভাগের প্রতিযোগীদের 'জলরং' দ্বারা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। আয়োজকদের পক্ষ থেকে শুধুমাত্র আর্টপেপার বিতরণ করা হবে। তবে জল রং, তুলি, বোর্ড নিজ উদ্যোগে প্রতিযোগীকে নিয়ে আসার জন্য অনুরোধ করা হলো।

যোগাযোগ : মো: তানেইম ইবনে আলম, আহবায়ক, মোবাইল: ০১৬০১৬০২২৫১

ধন্যবাদান্তে,

(মো: তানেইম ইবনে আলম)
আহবায়ক, দ্যা রেড জুলাই
রাঙ্গামাটি জেলা।